



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ মে' ২০২৩ খ্রি.

দক্ষ শিক্ষক ও প্রশিক্ষণে ঘুরে দাঁড়াবে চসিকের শিক্ষা প্রতিষ্ঠানগুলো -মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মান বাড়াতে মেধাবী শিক্ষক নিয়োগ আর প্রশিক্ষণে জোর দেয়া হচ্ছে বলে মতব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার সকালে সিটি কর্পোরেশন কার্যালয়ে চসিক পরিচালিত তিনটি কলেজের পরিচালনা কমিটির সভায় সভাপতির বক্তব্যে মেয়র বলেন, একসময় চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলো চট্টগ্রামের শিক্ষাখাতে নেতৃত্ব দিলেও পরবর্তীতে উন্নতির সে ধারা ধরে রাখা যায়নি। এ অবস্থার পরিবর্তনে আমি চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দক্ষ জনবল বৃদ্ধির জন্য ৩৭ জন প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু করেছি যাতে তাদের নেতৃত্বে শিক্ষা প্রতিষ্ঠানগুলো ঘুরে দাঁড়াতে পারে। পাশাপাশি শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিতেও কাজ চলছে।

মেয়র বলেন, সরকার দেশের শিক্ষা ব্যবস্থায় আধুনিক যুগোপযোগী পরিবর্তন আনার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এই পরিবর্তন বাস্তবায়নে শিক্ষকরা হচ্ছেন নিয়ামক শক্তি। কারণ শিক্ষকদের পেশাগত দক্ষতা, নিষ্ঠা ও প্রচেষ্টার উপর নির্ভর করে শিক্ষার গুণগত মান। তিনি পরিচালনা কমিটির সকলকে সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে শিক্ষা প্রতিষ্ঠানের মানোন্নয়ন ও সুস্থ্যতি বৃদ্ধির জন্য নিরলসভাবে দায়িত্ব পালন করার আহ্বান জানান।

চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহারের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন-শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমা, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অভিভাবক প্রতিনিধি ও সংরক্ষিত কাউন্সিলর রুমাকি সেন গুপ্ত, কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের অধ্যক্ষ শেখ মোহাম্মদ ওমর ফারুক, শিক্ষক প্রতিনিধি অধ্যাপক দেবপ্রিয় চক্রবর্তী, কোহিনুর ইব্রাহিম চসিক কায়সার-নিলুফার কলেজের অধ্যক্ষ নূর বানু চৌধুরী, মোহাম্মদ ইউনুচ, এস এম শহীদুল ইসলাম, অপরাজিতা বড়ুয়া, সমীরণ কুমার শীল, ফতেয়াবাদ সি/ক কলেজের অধ্যক্ষ মঙ্গলুন্দিন হাছান তিবরিজি, জিয়া আমানত মোর্শেদ নয়ন, মো.মুছা চৌধুরী প্রযুক্তি।

তিনি আরো বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের দলাদলির কারণে শিক্ষার পরিবেশ নষ্ট হয় এতে শিক্ষার্থীগণ ক্ষতিগ্রস্ত হয়। তাই শিক্ষকরা দলাদলি বা শৃঙ্খলা পরিপন্থী কোনো কাজ করলে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক তৎক্ষণাত বদলি সহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। তিনি কায়সার নিলুফার কলেজের নামে ক্রয়কৃত জায়গায় বাউন্ডারি দেয়াল ও গেইট নির্মাণ এবং ফতেয়াবাদ কলেজের ক্ষতিগ্রস্ত দেয়াল নির্মাণের জন্য প্রত্বাব প্রেরনের নির্দেশনা দেন। সভায় বিগত সভার কার্যবিবরণি পাঠ ও আয় ব্যয়ের হিসাব অনুমোদন করা হয়।

(শোক বার্তা)

সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আকবর হোসেন পাঠানের মৃত্যুতে
সিটি মেয়রের শোক

বরেণ্য অভিনেতা ঢাকা ১৭ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আকবর হোসেন পাঠান ফারুক এর ইতেকালে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। তিনি এক শোক বার্তায় মরহুমের রূপের মাগফেরাত কমান করেন এবং শোক সপ্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮